# আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ হেদায়াত, কবর, অনুবাদ, আয়াতসমূহের মর্যাদা, রাসূলুল্লাহ (ﷺ)-এর আত্মীয়গণ, মিরাজ, কিয়ামতের আলামত ইত্যাদি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. মিরাজ

এরপর ইমাম আবূ হানীফা (রাহ) মিরাজ প্রসঙ্গ উল্লেখ করে বলেছেন: “মি’রাজের সংবাদ সত্য। যে তা প্রত্যাখ্যান করে সে বিদ‘আতী ও বিভ্রান্ত।”

মহান আল্লাহ তাঁর প্রিয়তম রাসূল ﷺ-কে যত মুজিযা দিয়েছেন সেগুলোর অন্যতম ইসরা ও মি’রাজ। “ইসরা” অর্থ ‘নৈশ-ভ্রমণ’ বা ‘রাত্রিকালে ভ্রমণ করানো’। আর ‘মি’রাজ’ অর্থ ‘ঊর্ধ্বারোহণ’ বা ‘উর্ধারোহণের যন্ত্র’। মহান আল্লাহ রাসূলুল্লাহ (ﷺ)-কে এক রাত্রিতে মক্কার ‘আল-মাসজিদুল হারাম’ থেকে ফিলিস্তিনের ‘আল-মাসজিদুল আকসা’ পর্যন্ত নিয়ে যান। এরপর সেখান থেকে ঊর্ধ্বে ৭ আসমান ভেদ করে তাঁর নৈকট্যে নিয়ে যান। ‘আল-মাসজিদুল হারাম’ থেকে আল-মাসজিদুল আকসা পর্যন্ত ভ্রমণকে “ইসরা” এবং সেখান থেকে ঊর্ধ্বে গমনকে মি’রাজ বলা হয়। সাধারণভাবে ‘ইসরা’ ও ‘মি’রাজ’ উভয় বিষয়কে একত্রে “মি’রাজ” বলা হয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7273

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন